



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সিলেট বন বিভাগ
সিলেট
www.forest.sylhetdiv.gov.bd

অফিস আদেশ নং-০৫/সং

তারিখ-২৬/০১/২০২১খ্রিঃ

অত্র কার্যালয়ের অফিস আদেশ নং-৩৫/সং তারিখ-০৯/০৬/২০১৯খ্রিঃ মূলে অত্র বন বিভাগের কর্মকর্তা এবং কর্মচারীদের বদলী ও নিয়োগের সুপারিশ প্রদান সংক্রান্ত গঠিত কমিটির ২৬/০১/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ ও সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত ফরেস্টারকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলী ও নিয়োগ করা হলো।

ক্রমিক নং	নাম ও পদবী	বর্তমান কর্মস্থল	বদলী ও নিয়োগকৃত কর্মস্থল
১.	জনাব চয়ন ব্রত চৌধুরী, ফরেস্টার।	বিট কর্মকর্তা, সাগরনাল বিট। (জুরী রেঞ্জ)।	সুনামগঞ্জ রেঞ্জ সদর। (সুনামগঞ্জ রেঞ্জ)।

বদলী ও নিয়োগকৃত ফরেস্টারকে অত্র আদেশ প্রাপ্তির সাথে সাথে তার বদলী ও নিয়োগকৃত কর্মস্থল সুনামগঞ্জ রেঞ্জ সদরে যোগদান করবেন। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(এস, এম, সাজ্জাদ হোসেন)

পরিচিতি নম্বর-১৩১৬০

বিভাগীয় বন কর্মকর্তা

সিলেট বন বিভাগ, সিলেট

ই-মেইল :-dfosylhet@yahoo.com

পত্র নং-২২.০১.০০০০.৬৭২.০৫.০৫০.২১.৩৩৫

তারিখ-২৬/০১/২০২১খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা। মাঠ পর্যায়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজে অধিকতর গতিশীলতা এবং প্রশাসনিক শৃংখলা আনয়নের লক্ষ্যে বর্ণিত ফরেস্টারকে অকালীন বদলী ও নিয়োগ করা হয়েছে। যা মহোদয়ের সদয় অনুমোদনের জন্য অনুরোধ করা হলো। এ প্রসংগে ২৫/০১/২০২১খ্রিঃ তারিখে মহোদয়ের সাথে টেলিফোনিক আলোচনার যোগসূত্র উল্লেখ্য।
- ২। সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল এবং সুনামগঞ্জ।
- ৩। বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা, সুনামগঞ্জ।
- ৪। জনাব মোঃ ফকরুল আলম খান, ফরেস্ট রেঞ্জার, রেঞ্জ কর্মকর্তা, সুনামগঞ্জ রেঞ্জ। তাকে জনাব চয়ন ব্রত চৌধুরী, ফরেস্টার, সুনামগঞ্জ রেঞ্জ সদরে যোগদানের সাথে সাথে সুনামগঞ্জ রেঞ্জের, রেঞ্জ কর্মকর্তার দায়িত্বভার মাঠ ও দাপ্তরিক পর্যায়ে সরেজমিনে ফরম-৫০ ও বিস্তারিত চার্জনোট সহ সৃজিত বন বাগান, চলতি উন্নয়নমূলক কাজকর্ম ও যাবতীয় অফিস রেকর্ডপত্র সমূহ পুঞ্জানুপুঞ্জরূপে বুঝিয়ে দিয়ে তার বদলী ও নিয়োগকৃত কর্মস্থল ঢাকা বন বিভাগে যথাসময়ে যোগদান করার জন্য নির্দেশ দেওয়া হলো। এছাড়া, তিনি বদলীকৃত কর্মস্থলে ইচ্ছাকৃতভাবে যোগদান করা হতে বিরত থাকলে, বি.এস,আর, পার্ট-১ এর বিধি-৯৪ অনুযায়ী বেতন ভাতাদি প্রাপ্য হবেন না এবং এফ, আর-১০৮ মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য করা হবে।
- ৫। জনাব মোঃ আলাউদ্দিন ফরেস্টার, রেঞ্জ কর্মকর্তা, জুরী রেঞ্জ। তাকে অত্র আদেশ প্রাপ্তির সাথে সাথে তার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে সাময়িকভাবে জনাব চয়ন ব্রত চৌধুরী, ফরেস্টার, বিট কর্মকর্তা, সাগরনাল বিটের নিকট হতে সাগরনাল বিটের বিট কর্মকর্তার দায়িত্বভার মাঠ ও দাপ্তরিক পর্যায়ে সরেজমিনে ফরম-৫০ ও বিস্তারিত চার্জনোট সহ বুঝিয়ে নেওয়ার জন্য নির্দেশ দেওয়া হলো। এছাড়া তিনি সৃজিত বন বাগান, চলতি উন্নয়নমূলক কাজকর্ম ও যাবতীয় অফিস রেকর্ডপত্র সমূহ পুঞ্জানুপুঞ্জরূপে বুঝিয়ে/দেখিয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে, তা নোট বহিতে এন্ট্রি করতঃ যৌথ স্বাক্ষর করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র দপ্তরকে অবহিত করার জন্যও নির্দেশ দেওয়া হলো।
- ৬। জনাব চয়ন ব্রত চৌধুরী, ফরেস্টার, বিট কর্মকর্তা, সাগরনাল বিট, মাধ্যম-রেঞ্জ কর্মকর্তা, জুরী রেঞ্জ। তাকে অত্র আদেশ প্রাপ্তির সাথে সাথে জনাব মোঃ আলাউদ্দিন ফরেস্টার, রেঞ্জ কর্মকর্তা, জুরী রেঞ্জের নিকট বিট কর্মকর্তা, সাগরনাল বিটের দায়িত্বভার মাঠ ও দাপ্তরিক পর্যায়ে সরেজমিনে ফরম-৫০ ও বিস্তারিত চার্জনোট সহ বুঝিয়ে দিয়ে তার বদলী ও নিয়োগকৃত কর্মস্থল সুনামগঞ্জ রেঞ্জ সদরে যোগদান করতঃ জনাব মোঃ ফকরুল আলম খান, ফরেস্ট রেঞ্জার, রেঞ্জ কর্মকর্তা, সুনামগঞ্জ রেঞ্জের নিকট হতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সুনামগঞ্জ রেঞ্জের, রেঞ্জ কর্মকর্তার দায়িত্বভার মাঠ ও দাপ্তরিক পর্যায়ে সরেজমিনে ফরম-৫০ ও বিস্তারিত চার্জনোট সহ বুঝিয়ে নেওয়ার জন্য নির্দেশ দেওয়া হলো। এছাড়া তিনি সৃজিত বন বাগান, চলতি উন্নয়নমূলক কাজকর্ম ও যাবতীয় অফিস রেকর্ডপত্র সমূহ পুঞ্জানুপুঞ্জরূপে বুঝিয়ে/দেখিয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে, তা নোট বহিতে এন্ট্রি করতঃ যৌথ স্বাক্ষর করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র দপ্তরকে অবহিত করার জন্যও নির্দেশ দেওয়া হলো। তিনি বদলীকৃত কর্মস্থলে ইচ্ছাকৃতভাবে যোগদান করা হতে বিরত থাকলে, বি.এস,আর, পার্ট-১ এর বিধি-৯৪ অনুযায়ী বেতন ভাতাদি প্রাপ্য হবেন না এবং এফ, আর-১০৮ মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য করা হবে।

৭। অফিস আদেশ নথি।

৮। ব্যক্তিগত নথি।

✓ *সিলেট*

(স্বাক্ষর)

(এস, এম, সাজ্জাদ হোসেন)

পরিচিতি নম্বর-১৩১৬০

বিভাগীয় বন কর্মকর্তা

সিলেট বন বিভাগ, সিলেট

ই-মেইল :-dfosylhet@yahoo.com

২৬/০১/২০২১